

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতাব্দীকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১০৮-আইন/আয়কর/২০২০ Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, উক্ত Ordinance এর section 2 এর clause (20) এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি কর্তৃক ভোজ্য তেল, চিনি, আটা, ময়দা, সিমেন্ট, লোহা ও লৌহজাতীয় পণ্য ব্যৱtীত অন্য পণ্য বা সেবা উৎপাদনের মাধ্যমে উদ্ভৃত আয়ের উপর বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি

- (ক) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অবস্থিত সংশ্লিষ্ট কোম্পানির কোনো শিল্প ইউনিটকে উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর (relocation) করা যাইবে না;

(৩৭৯)
মূল্য : টাকা ৮.০০

- (খ) বাংলাদেশে ইতঃপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলে কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;
- (গ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের জন্য পৃথক পৃথক বাণিজ্যিক হিসাব এবং ব্যাংক হিসাব সংরক্ষণ করিতে হইবে;
- (ঘ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের মধ্যে কোনো আন্তঃইউনিট লেনদেন সংযোগ হইলে উক্তরূপ সকল লেনদেনের বিস্তারিত তথ্য উক্ত কোম্পানির আয়কর রিটার্নের সহিত সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট কোম্পানিকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75, 75A, 108 এবং 108A অনুযায়ী রিটার্ন, Certificate, বিবরণী বা তথ্য নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই বিভাগ কর্তৃক ২৩ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৮১-আইন/আয়কর/২০১৯ এতদ্বারা রাহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd